

ছাত্র লীগের দু'গ্রুপের সংঘর্ষ ও  
বোমা হামলায় আহত ২  
আনন্দমোহন বিশ্ববিদ্যালয়  
কলেজ বন্ধ ঘোষণা

ময়মনসিংহ থেকে জেলাসংবাদদাতার ফ্যাক্স : গত বৃহস্পতিবার মুজিববাদী ছাত্র লীগের দু'গ্রুপের সংঘর্ষের জের ধরে পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করায় কর্তৃপক্ষ ময়মনসিংহ আনন্দমোহন বিশ্ববিদ্যালয় কলেজ বন্ধ ঘোষণা করেছে। অপরদিকে তাদের বোমা হামলায় ১ জন কলেজ ছাত্রীসহ ২ ব্যক্তি মারাত্মকভাবে আহত হয়েছে। পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, গত ১ সপ্তাহ ধরে আনন্দমোহন কলেজের দু'গ্রুপের সাথে ধাওয়া-পাল্টা ধাওয়া, গুলী বিনিময়, হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটায় পরিস্থিতি ক্রমেই অবনতির দিকে যায়। দু'দলের আধিপত্যের লড়াইয়ের ঘটনা কলেজ রোড, গোহাইল ও আশপাশ এলাকায় ছড়িয়ে পড়লে এমনকি গত বৃহস্পতিবার রাত সাড়ে ৮টায় ধাওয়া-পাল্টা ধাওয়া ও বোমা হামলায় কলেজ ছাত্রী সুমি (২১) ও তাদের বাড়ীর ভাড়াটিয়া কামরুল (২৬) মারাত্মকভাবে আহত হয়।